

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৪৬.১৯, ২৪৮১

তারিখঃ ০৪/০৬/২০২০খ্রি।

বিষয়ঃ জাতীয় পল্লী উন্নয়ন পদক ২০১৯ প্রদানের নিমিত্ত প্রার্থী তালিকা প্রেরণ।

সূত্রঃ ক) ৪৭.৬২.০০০০.৫০৭.১৬.৩৯৯.১৮.২০, তারিখঃ ২৪/০৩/২০২০খ্রি।

খ) ৪৭.০০.০০০০.০৩২.২৩.০১২.২০-১৪৫, তারিখঃ ২২/০৩/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্র নং- ক প্রেক্ষিতে পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য ২০১৯ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে ‘জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা-২০১২’ এর আলোকে বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা ও সভার কার্যবিবরণী’র ছায়ািলিপি ৩১/০৫/২০২০খ্রি. এর মধ্যে পরিচালক (সরেজমিন), বিআরডিবি বরাবর হার্ডকপি ও কার্যবিবরণীর সফট কপি (এমএসওয়ার্ড ও পিডিএফ) ddcoop@brdb.gov.bd বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি তা পাওয়া যায়নি। ইতোমধ্যে উক্ত বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে (সূত্র নং-খ)।

২। উল্লেখ্য, পল্লী উন্নয়ন পদকের জন্য ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠন নির্বাচনের ক্ষেত্রে সংযুক্ত মানদন্ডসমূহ ভিত্তি হিসেবে বিবেচনা করতে হবে এবং শ্রেণিভিত্তিক কর্মকাণ্ডের প্রাঞ্জল বর্ণনা থাকতে হবে। সংগঠনভিত্তিক মনোনয়নের ক্ষেত্রে ব্যক্তিকে মনোনীত করা যাবে না। প্রাথমিকভাবে মনোনীত ব্যক্তির প্রেরিত ছবি পিপি সাইজের এবং সমিতি/ প্রতিষ্ঠান/ সংগঠনের ক্ষেত্রে এর নামফলক স্পষ্ট দৃশ্যমানসহ মালিক/ সদস্যদের মানসম্মত গুপ ছবি প্রেরণ করতে হবে।

৩। এমতাবস্থায় জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা নির্ধারিত পদ্ধতিতে আগামী ২৫ জুন ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



আবদুর রশিদ

(যুগ্মসচিব)

পরিচালক (সরেজমিন)

ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক জেলা দপ্তর (সকল)

বিআরডিবি, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সকল)।

২। বিভাগীয় কমিশনার (সকল)।

৩। জেলা প্রশাসক (সকল)।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৫। উপপরিচালক (প্রোগ্রামিং শাখা), বিআরডিবি, ঢাকা। (পত্রখানি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। মহাপরিচালকের মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)